**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 15-06-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, কন্যা সন্তানদের শিক্ষার প্রসার ও তাদের গুণগত মানের শিক্ষাদানের জন্য রাজ্য সরকার বিভিন্ন উদ্যোগ নিয়েছে।**

**(২) এডিসি'র আসন্ন ভিলেজ কমিটির নির্বাচনের জন্য আজ চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হয়েছে।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, এনডিএ সরকার দেশের মধ্যবিত্ত শ্রেণির আকাঙ্ক্ষা পূরণের লক্ষ্যে কাজ করতে পেরে সৌভাগ্যবান।**

**(৪) কৃষিমন্ত্রী রতনলাল নাথ বলেছেন, নতুন প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে কৃষকদের আয় বৃদ্ধির লক্ষ্যে রাজ্য সরকার একটি কৃষি রোডম্যাপ তৈরির উদ্যোগ নিয়েছে।**

**(৫) ফুটবল বিশ্বকাপে আজ রয়েছে ২টি গ্রুপের ৪টি গুরুত্বপূর্ণ ম্যাচ।**

*********************************************

**CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, কন্যা সন্তানদের শিক্ষার প্রসার ও তাদের গুণগত মানের শিক্ষা দানের জন্য রাজ্য সরকার বিভিন্ন উদ্যোগ নিয়েছে। আজ আগরতলার শিশু বিহার স্কুলে নবম শ্রেণীর ছাত্রীদের মধ্যে বাই সাইকেল বিতরণ অনুষ্ঠানে তিনি একথা বলেন। তিনি বলেন, এবছর সারা রাজ্যের বিভিন্ন স্কুলের ছাত্রীদের মধ্যে প্রায় ৪১ হাজার ৮০০ বাই-সাইকেল বিতরণ করা হচ্ছে। বাই সাইকেল দেওয়ার মূল লক্ষ্য হচ্ছে যাতে ছাত্রীরা যথাসময়ে স্কুলে আসতে পারে তার ব্যবস্থা করা। সেইসঙ্গে পড়াশুনার প্রতি মেয়েদের উৎসাহ আরো বৃদ্ধি করা। মুখ্যমন্ত্রী আরো বলেন,

ছাত্রছাত্রীদের পড়াশুনার পাশাপাশি ড্রাগসের কুফল নিয়ে সচেতন থাকতে হবে। এক্ষেত্রে শিক্ষক শিক্ষিকাদেরও বিশেষ ভূমিকা নিতে হবে। উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার, শিক্ষা দপ্তরের সচিব মিলিন্দ রামটেকে প্রমুখ।

****************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং তাঁর স্লোভাকিয়া প্রতিপক্ষ রবার্ট ফিকো আজ ব্রাতিস্লাভায় দ্বিপাক্ষিক বৈঠকে মিলিত হন। এই উপলক্ষে বক্তব্য রাখতে গিয়ে, শ্রী ফিকো ভারতের অর্জিত অর্থনৈতিক প্রবৃদ্ধির প্রশংসা করে বলেন, উভয় দেশের মধ্যে সুনিবিড় সম্পর্ক রয়েছে। প্রধানমন্ত্রী শ্রী মোদী বলেন, এই সফর ভারত-স্লোভাকিয়া সম্পর্ককে আরো গভীর করবে এবং দুই দেশের মধ্যে সহযোগিতার নতুন দিগন্ত তৈরি হবে।

আলোচনার পর এক যৌথ সাংবাদিক সম্মেলনে প্রধানমন্ত্রী শ্রী মোদী বলেন, কৃত্রিম বুদ্ধিমত্তার ভবিষ্যৎ শুধু উদ্ভাবনের উপরই নয়, বরং আস্থা, দায়িত্ববোধ এবং মানবিক মর্যাদার উপরও ভিত্তি করে হওয়া উচিত। ডিজিটাল প্রযুক্তি নিয়ে আজ স্বাক্ষরিত সমঝোতা স্মারকটি দুই দেশের মধ্যে সহযোগিতার নতুন দিগন্ত উন্মোচন করবে।

######Byte-PM######

******************************

**Yoga Day :**

কেন্দ্রীয় আয়ুষ মন্ত্রী প্রতাপরাও যাদব জানিয়েছেন, আন্তর্জাতিক যোগ দিবস ২০২৬-এর মূল অনুষ্ঠানটি আগামী ২১শে জুন কলকাতায় অনুষ্ঠিত হবে, নেতৃত্ব দেবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। আজ নতুন দিল্লিতে এক সাংবাদিক সম্মেলনে কেন্দ্রীয় মন্ত্রী শ্রী যাদব একথা জানান। তিনি জানান, আন্তর্জাতিক যোগ দিবসে এবারের ভাবনা হলো "সুস্থ বার্ধক্যের জন্য যোগা"। বয়স বাড়ার সাথে সাথে মানুষকে সুস্থ, সক্রিয়, স্বনির্ভর এবং মানসিকভাবে

স্থিতিস্থাপক জীবনযাপন করতে সাহায্য করার ক্ষেত্রে যোগব্যায়াম অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে বলে তিনি উল্লেখ করেন। তিনি আরো বলেন, ২০১৪ সালে জাতিসংঘের সাধারণ পরিষদে ভারতের প্রস্তাব অনুমোদনের পর, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর দূরদর্শী নেতৃত্বে যোগব্যায়াম একটি বিশ্বব্যাপী গণআন্দোলনে পরিণত হয়েছে।

*************************

**Village Committee :**

এডিসি'র আসন্ন ভিলেজ কমিটির নির্বাচনের জন্য আজ চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হয়েছে। বিভিন্ন ব্লকে রিটার্নিং অফিসারগণ বিভিন্ন স্বীকৃত রাজনৈতিক দলের প্রতিনিধিদের হাতে চূড়ান্ত ভোটার তালিকার কপি তুলে দেন। এদিকে, ভিলেজ কমিটির নির্বাচন নিয়ে আগামীকাল সুপ্রিমকোর্টে শুনানীর দিন ধার্য্য রয়েছে।

******************************

**Congress :**

প্রদেশ যুব কংগ্রেসের উদ্যোগে আজ আগরতলা শহরে বিক্ষোভ মিছিল সংঘটিত হয়। শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে আর এম এস চৌমুহনি এলাকায় পৌঁছুলে পুলিশ মিছিলের গতি রোধ করে। সেখানে বিক্ষোভ প্রদর্শন করেন যুব কংগ্রেসের নেতা ও কর্মীরা। প্রদেশ যুব কংগ্রেস সভাপতি নীলকমল সাহা জানিয়েছেন, NEET-UG প্রশ্নপত্র ফাঁসের ঘটনায় জড়িতদের উপযুক্ত বিচারের দাবিতে এবং CNG, PNG, LPG, পেট্রোল, ডিজেল সহ নিত্যপ্রয়োজনীয় সামগ্রীর মূল্যবৃদ্ধির প্রতিবাদে আজকের এই বিক্ষোভ কর্মসূচি সংগঠিত করা হয়।

***************************

**12 years of Govt.-State :**

রাজ্যের বিভিন্ন ব্লকে আজ থেকে তিনদিনব্যাপী জনকল্যাণ শিবির শুরু হয়েছে। উত্তর জেলার যুবরাজনগর আর.ডি. ব্লকে বিধায়ক জহর চক্রবর্তী, সিপাহীজলা জেলার নলছড় ব্লকে পঞ্চায়েত মন্ত্রী কিশোর বর্মন, কৈলাশহরে চন্ডীপুর ব্লকে তপশিলী জাতি কল্যাণ মন্ত্রী সুধাংশু দাস, ঊনকোটি জেলার সোনারামপাড়া কমিউনিটি হলে পেঁচারথল ব্লকভিত্তিক জনকল্যাণ শিবিরের উদ্বোধন করেন কারামন্ত্রী শান্তনা চাকমা। উপস্থিত ছিলেন, পেঁচারথল BAC'র চেয়ারম্যান সজল চাকমা। তাছাড়া কল্যাণপুর ব্লকভিত্তিক জনকল্যাণ শিবিরের উদ্বোধন করেন বিধায়ক পিনাকী দাস চৌধুরী। উপস্থিত ছিলেন কল্যাণপুর পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন সৌমেন গোপ।

রাণীরবাজারের গীতাঞ্জলী হলে রানিরবাজার পুর পরিষদ আয়োজিত জনকল্যাণ শিবিরের উদ্বোধন করেন পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী। অনুষ্ঠানে তিনি বলেন, জনকল্যাণ শিবিরের মূল লক্ষ্য বিভিন্ন কেন্দ্রীয় ও রাজ্য সরকারের কল্যাণমূলক প্রকল্পের আওতায় সুবিধাভোগীদের তালিকাভুক্ত করা এবং এই কর্মসূচিগুলির সুবিধা ও যোগ্যতার মানদণ্ড সম্পর্কে জনসচেতনতা তৈরি করা। শিবিরে আয়ুষ্মান ভারত, প্রধানমন্ত্রী সূর্য ঘর, প্রধানমন্ত্রী স্ব-নিধি, লাখপতি দিদি প্রকল্পগুলিতে গুরুত্ব দেওয়া হয়। তিনি বলেন এই শিবিরগুলোর উদ্দেশ্য হলো সরকারি পরিষেবা জনগণের আরও কাছে নিয়ে আসা এবং যোগ্য নাগরিকদের সময়মতো ও কার্যকরভাবে কল্যাণমূলক সুবিধা গ্রহণ নিশ্চিত করা।

******************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-

এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*****************************

**PM-12 Years :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, এনডিএ সরকার দেশের মধ্যবিত্ত শ্রেণির আকাঙ্ক্ষা পূরণের লক্ষ্যে কাজ করতে পেরে সৌভাগ্যবান। আজ সামাজিক মাধ্যমে তিনি উল্লেখ করেন, গত এক দশকে শাসনব্যবস্থা ক্রমবর্ধমানভাবে সাধারণ নাগরিকদের জীবনযাত্রার মান উন্নয়নের উপর দৃষ্টি নিবদ্ধ করেছে। সরকারের প্রচেষ্টাগুলো সুযোগের সহজলভ্যতা, উন্নত পরিকাঠামো ও জনসেবা, সাশ্রয়ী স্বাস্থ্যসেবা, মানসম্মত শিক্ষা, পরিচ্ছন্ন শহর এবং দৈনন্দিন জীবনের বোঝা কমানোর উপর কেন্দ্রীভূত ছিল।

বিজেপি সভাপতি নিতিন নবীন বলেছেন, গত ১২ বছরে সরকার ভারতের মধ্যবিত্ত শ্রেণিকে অর্থনৈতিক নিরাপত্তা, উন্নত সুযোগ-সুবিধা এবং নতুন সুযোগ দিয়ে শক্তিশালী করার জন্য ব্যাপক পরিবর্তন এনেছে। তিনি সামাজিক মাধ্যমে সরকারের গৃহীত বিভিন্ন নীতির কথা তুলে ধরে বলেন, উজ্জ্বলা যোজনা, জল জীবন মিশন এবং স্বচ্ছ ভারতের মতো উদ্যোগগুলি নাগরিকদের জন্য মৌলিক জীবনধারণের সুবিধাগুলি সহজলভ্য করেছে। প্রধানমন্ত্রী আবাস যোজনার মতো প্রকল্পগুলি মানুষকে নিজের বাড়ির স্বপ্ন পূরণ এবং আয়ুষ্মান ভারতের মাধ্যমে স্বাস্থ্য সুরক্ষার সুযোগ করে দিয়েছে।

*************************

**Voice Over-NDA 12 years :**

দেশের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বাধীন এনডিএ সরকার বিগত ১২ বছরে পরিবেশ সংরক্ষণ ও সুস্থায়ী জীবনযাপনের বার্তা ছড়িয়ে দিতে নানা

সময়ে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছে। এই কর্মসূচিগুলির আওতায় পরিবেশবান্ধব জীবনযাত্রার পাশাপাশি কৃষি কাজ ও বনায়নের উদ্যোগ পরিবেশ সুরক্ষায় ভারতের চিরাচরিত অঙ্গীকারকে সবসময় অগ্রাধিকারের জায়গায় রাখা হয়েছে। একটি প্রতিবেদন।

#######VC#####

****************************

**Khet Bachao Abhiyan :**

কৃষিমন্ত্রী রতনলাল নাথ বলেছেন, নতুন প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে উৎপাদন খরচ কমিয়ে কৃষকদের আয় বৃদ্ধির লক্ষ্যে রাজ্য সরকার একটি কৃষি রোডম্যাপ তৈরির উদ্যোগ নিয়েছে। ২০৪৭ সালে বিকশিত ভারতের স্বপ্ন পূরণের দিকে লক্ষ্য রেখে এই রোডম্যাপ তৈরি করা হচ্ছে। আজ ডুকলী ব্লকের আড়ালিয়ায় খেত বাঁচাও অভিযান কর্মসূচিতে বক্তব্য রাখতে গিয়ে তিনি একথা বলেন। কৃষিমন্ত্রী জলবায়ু পরিবর্তনের বিরুপ প্রভাব থেকে পরিবেশ ও কৃষি সম্পদ রক্ষার জরুরি প্রয়োজনীয়তার ওপর গুরুত্ব আরোপ করেন। তিনি বলেন, খেত বাঁচাও অভিযান' হলো একটি দেশব্যাপী কৃষি উদ্যোগ, যার লক্ষ্য হলো মাটির স্বাস্থ্য পুনরুদ্ধার করা, রাসায়নিক সারের ওপর অত্যধিক নির্ভরতা কমানো এবং সুস্থায়ী ও জলবায়ু-সহনশীল কৃষিব্যবস্থার প্রসার ঘটানো। এই অভিযানের মূল লক্ষ্য হলো স্থানীয় ও বিজ্ঞানভিত্তিক পরামর্শ প্রদানের মাধ্যমে উৎপাদন খরচ কমানো এবং কৃষকদের মুনাফা বৃদ্ধি করা। কৃষিমন্ত্রী আরো বলেন, এই অভিযান ভার্মিকম্পোস্ট, জৈব সার এবং সবুজ সারের মতো জৈব পদ্ধতির ব্যবহারে উৎসাহিত করে। অনুষ্ঠানে আগরতলা পুর নিগমের ডেপুটি মেয়র মনিকা দাস দত্ত উপস্থিত ছিলেন।

*****************************

**Food Item distribution :**

শ্রী শ্রী হরিভক্তি প্রচারিণী সভা শ্রী মদন গোপাল গোস্বামীর ১৮তম তিরোধান তিথি উদযাপন উপলক্ষে আজ আমতলীর নবপ্রান্তিক অনাথ আশ্রমে খাদ্য সামগ্রী প্রদান করা হয়। উপস্থিত ছিলেন শ্রী শ্রী হরিভক্তি প্রচারিণী সভা, আগরতলা শাখার সম্পাদক সুশীল কুমার সাহা, আগরতলা পুর নিগমের পূর্ব জোনের চেয়ারম্যান সুখময় সাহা, পুর নিগমের কর্পোরেটর শ্রীনিবাস দাস প্রমুখ।

*************************

**FIFA World Cup :**

২০২৬ ফুটবল বিশ্বকাপে সর্বশেষ ম্যাচে সুইডেন ৫-১ গোলে তিউনিসিয়াকে পরাজিত করেছে। ভারতীয় সময় অনুযায়ী আজ রাত সাড়ে ৯টায় স্পেন মুখোমুখি হবে কেপ ভার্দের। এরপর আগামীকাল রাত সাড়ে ১২টায় বেলজিয়াম খেলবে মিশরের বিরুদ্ধে। আগামীকাল ভোর ৩টা ৩০ মিনিটে সৌদি আরবের প্রতিপক্ষ উরুগুয়ে। আর আগামীকাল সকাল সাড়ে ৬টায় ইরান মুখোমুখি হবে নিউজিল্যান্ডের।

**************************

**Women's Cricket :**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত মেয়েদের ঘরোয়া ক্রিকেট প্রতিযোগিতায় এগিয়ে চলো সংঘ সেমিফাইনালে উঠেছে। নরসিংগড়ের টি আই টি মাঠে অনুষ্ঠিত কোয়ার্টার ফাইনালের খেলায় আজ এগিয়ে চলো সংঘ ২৭ রানে কসমোপলিটন ক্লাবকে হারিয়ে দেয়। আগামীকাল আসরের দুটি সেমিফাইনাল হবে।

****************************

**Football :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া তৃতীয় ডিভিশন লীগ ফুটবল প্রতিযোগিতায় আজ ২টি খেলা হয়। উমাকান্ত মিনি স্টেডিয়ামে

প্রথম খেলায় ভারত রত্ন সংঘ ২-১ গোলে TTAADC দলকে পরাজিত করে। পরে একই মাঠে স্বামী বিবেকানন্দ ক্লাব ২-০ গোলে সাই STC দলকে হারিয়ে দেয়।

*****************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় সিপাহীজলা জেলা ও দক্ষিণ জেলায় বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪.৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬.৪ ডিগ্রি সেলসিয়াস। বিকেল সাড়ে পাঁচটা পর্যন্ত আগরতলায় বৃষ্টিপাতের পরিমান ২.২ মিলিমিটার।

*****************************